যুগান্তর

২৩/৯/২০০১

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৮ কলাম ৬

# যুক্তরাষ্ট্রে বিদেশী মুসলিম ছাত্ররা দেশে ফেরার কথা ভাবছে

রয়টার্স, লসএঞ্জেলেস

যুক্তরাষ্ট্রে অধ্যয়নরত মধ্যপ্রাচ্যের মুসলিম ছাত্ররা আপাতত দেশে ফিরে যাওয়ার কথা ভেবে দেখছে। গত ১১ সেপ্টেম্বর যুক্তরাষ্ট্রে ভয়াবহ বিমান হামলার জন্য ওসামা বিন লাদেনকে প্রধান সন্দেহভাজন হিসাবে অভিযুক্ত করার পর সেখানে মুসলমানরা মার্কিন নাগরিকদের রোষানলে পড়ে। কোথাও কোথাও তারা শারীরিকভাবে লাঞ্ছিতও হয়েছে। এ অবস্থায় সেখানকার অধ্যয়নরত মধ্যপ্রাচ্যের ছাত্ররা দেশে ফেরাকেই নিরাপদ মনে করছে। সংশ্লিষ্ট ক্যাম্পাস কর্মকর্তারা শুক্রবার এ তথ্য জানান।